

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর  
প্রতিরক্ষা মন্ত্রণালয়  
ঢাকা সেনানিবাস  
www.dmlc.gov.bd

স্মারক নং- ২৩.২২.০০০০.০১১.৩১.৩৮৮.২৪-০৪৯

তারিখ: ০৫ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ  
০৮ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: বহির্বাংলাদেশ (ভারত) গমণের অনুমতিসহ অর্জিত ছুটি মঞ্জুরকরণ।


সূত্র: সিইও, ঢাকা সেনানিবাসের স্মারক নং- ২৩.২২.৭০০১.০১১.০২.২৮৮.২৩-৬৭৭, তারিখ: ১৬ এপ্রিল ২০২৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তরের আওতাধীন ঢাকা ক্যান্টনমেন্ট বোর্ড পরিচালিত রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ এর ইমাম জনাব আবদুল্লাহ্-কে স্ত্রীর উন্নত চিকিৎসার জন্য ভারত গমণের অনুমতিসহ তাঁর অনুকূলে ২৮-০৪-২০২৪ হতে ২৭-০৫-২০২৪ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে মোট ৩০ (ত্রিশ) দিন পূর্ণগড় বেতনে বহির্বাংলাদেশ অর্জিত ছুটি নিম্নোক্ত শর্তে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো:

শর্তাবলীঃ

- (ক) এ ভ্রমণে বাংলাদেশ সরকার/এ অধিদপ্তর/ক্যান্টনমেন্ট বোর্ডের কোন আর্থিক সংশ্লেষ থাকবে না;
- (খ) ছুটিকালীন সময়ে তিনি বাংলাদেশী মুদ্রায় বেতন-ভাতাদি গ্রহণ করবেন;
- (গ) এ ভ্রমণের যাবতীয় ব্যয়ভার বর্ণিত কর্মকর্তা ব্যক্তিগত আয়ের উৎস থেকে বহন করবেন;
- (ঘ) মঞ্জুরকৃত ছুটির অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করা যাবেনা এবং ছুটি বর্ধিত করণের আবেদন গ্রহণযোগ্য হবে না;
- (ঙ) ছুটি শেষে বর্ণিত কর্মকর্তা নিজ কর্মস্থলে যোগদানপূর্বক এ অধিদপ্তরকে অবহিত করবেন;
- (চ) বর্ণিত কর্মকর্তার সার্ভিস বুক উক্ত ছুটির হিসাব লিপিবদ্ধ করতে হবে;
- (ছ) এ ছুটি ভোগের ক্ষেত্রে বিএসআর পার্ট-১ এর বিধি-২৩৪ এর পরিশিষ্ট ৮ এর রুজ ৩৪ নং বিধান প্রযোজ্য হবে এবং
- (জ) অনুমোদিত বহির্বাংলাদেশ ছুটি ব্যতীত অতিরিক্ত ছুটি ভোগ করলে বিধি মোতাবেক তাঁর বেতন কর্তন করা হবে।

ক্যান্টনমেন্ট এক্সিকিউটিভ অফিসার  
ঢাকা সেনানিবাস।

  
২৬-৪-২৪  
(আসমা মোজাম্মেল)  
সহকারী পরিচালক (প্রশাসন)  
ফোন : ৮৭১৫৬৯৫  
E-mail: adadmn@dmlc.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠ্যতার ভিত্তিতে নয়) :

- ১। ইমিগ্রেশন অফিসার  
হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম/  
ওসমানী আন্তর্জাতিক বিমান বন্দর, সিলেট/বেনাপোল স্থলবন্দর, যশোর/বুড়িমারী স্থলবন্দর, লালমনিরহাট/  
তামাবিল স্থলবন্দর, সিলেট/ সোনা মসজিদ স্থলবন্দর, চাঁপাইনবাবগঞ্জ/ভোমরা স্থলবন্দর, সাতক্ষীরা/  
দর্শনা স্থলবন্দর, চুয়াডাঙ্গা/হিলি স্থলবন্দর, দিনাজপুর/বাংলাবান্দা স্থলবন্দর, পঞ্চগড়/  
বিবির বাজার স্থলবন্দর, কুমিল্লা/টেকনাফ স্থলবন্দর, কক্সবাজার।
- ২। জনাব আবদুল্লাহ্  
ইমাম  
রজনীগন্ধা সুপার মার্কেট জামে মসজিদ  
ঢাকা সেনানিবাস।
- ৩। পিএ টু ডিজি, সামরিক ভূমি ও ক্যান্টনমেন্ট অধিদপ্তর, ঢাকা সেনানিবাস।  
[মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য]